**UNIVERSITY OF DHAKA**: Applications are invited from the Bangladeshi nationals for filling up 01 (One) permanent post of Assistant Professor and 01 (One) permanent post of Lecturer in the Department of Pali and Buddhist Studies. If consequential vacancy arises temporary Lecturer may be appointed in the pay scale of Tk. 35,500-67,010/- and Tk. 22,000-53,060/- respectively (National Pay Scale-2015).

**QUALIFICATIONS FOR ASSISTANT PROFESSOR**: Candidates must have a first class/a minimum CGPA 3.50 out of 4.00 in both Honours and Master degrees in Pali and Buddhist Studies with a first division/a minimum GPA 4.25 out of 5.00 in both SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC Examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both Honours and Master degrees. Candidates must have at least 03 (three) years of teaching experience at a university, **or,** at least 02 years as post-doctoral research **or** at least 06 (six) years research experience as a research/scientific officer **or** an equivalent position in a reputed research organization. Candidates with a Ph.D should have at least 01 (one) year of teaching experience at a university. Applicants must have at least 03 (three) research publications in the indexed/quality journal with a DOI (Digital Object Identifier). Article published in predatory journals will not be accepted. Relevant notes and Conditions apply. (For details, see the Dhaka University website)
In case of unavailability of candidates for Assistand professor one temporary Lecturer will be appointed against 01(one) vacant Assistant Professor post.

**QUALIFICATIONS FOR LECTURER**: Candidates must have a first class/a minimum CGPA 3.50 out of 4.00 in both Honours and Master degrees in Pali and Buddhist Studies with a first division/a minimum GPA 4.25 out of 5.00 in both SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both Honours and Master degrees. Candidates having a Ph.D. in the relevant field and research publication(s) in a quality journal may get preference. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

**Application Guideline:** Candidates have to fill the online application form and pay the application fee Tk. 750/- (Seven Hundred and Fifty) by logging on to https://jobs.du.ac.bd website by **11:59** PM on 03.05.2026 After successful completion of the online application process, candidates can download their filled application form and payment slip in PDF format. 08 (eight) copies of the downloaded application form should be printed and submitted to the Registrar, University of Dhaka within office hours on 04.05.2026 with payment slip. Attested copies of certificates, testimonials, marksheets and proof of experience should be attached to each copy of the application form. Candidates who are already in service should apply through proper authority.

**ঢাকা বিশ্ববিদ্যালয়:** পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগে ০১ (এক) টি স্থায়ী সহকারী অধ্যাপক ও ০১(এক) টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ এবং সম্ভাব্য তাৎক্ষনিক সৃষ্ট শূন্য পদে অস্থায়ী প্রভাষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০/- এবং বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)

**সহকারী অধ্যাপক পদের শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ / জিপিএ-এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিল যোগ্য। প্রার্থীদের অবশ্যই কমপক্ষে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে **অথবা** পোস্টডক্টরাল গবেষক হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা **অথবা** কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচ.ডি ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীদের অবশ্যই ইনডেক্সড/DOI (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। predatory জার্নালে প্রকাশিত কোন প্রবন্ধ গ্রহন করা হবে না। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য। (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

সহকারী অধ্যাপক পদে যোগ্যতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে উক্ত ০১ (এক) টি শূন্য পদের বিপরীতে অস্থায়ী প্রভাষক নিয়োগ করা হবে।

**প্রভাষক পদের শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ / জিপিএ-এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিল যোগ্য।প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি ডিগ্রি এবং মানসম্পন্ন জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

**আবেদন নির্দেশিকা:** প্রার্থীকে https://jobs.du.ac.bd ওয়েবসাইটে লগইন করার মাধ্যমে ০৩.০৫.২০২৬ তারিখ রাত **১১:৫৯** এর মধ্যে অনলাইন আবেদন ফরম পূরণ এবং অনলাইনে আবেদন ফি **৭৫০/-** (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অনলাইন আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তার পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট আগামী ০৪.০৫.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।